

## GW-BASIC গ্রাফিক্স প্রোগ্রামিং

বইয়ের নাম : GW-BASIC গ্রাফিক্স প্রোগ্রামিং  
লেখক : মোহাম্মদ নাসিরুশ ইসলাম  
প্রকাশক : এ. এইচ. এম জাহাঙ্গীরুল ইসলাম (হুসৈন) গ্রামীণ  
৩৮, বাংলাদেশ ব্যাংক (লেডালা),  
ঢাকা-১১০০  
প্রকাশকাল : মে-১৯৯৪ ইং  
মূল্য : পয়তাল্লী টাকা (পাদা)  
পৃষ্ঠা : ৭৯

বাংলা ভাষায় কমপিউটার বিষয়ক পুস্তক গ্রন্থ অর্ধশতের মত। এ পুস্তকগুলোর বেশীরভাগই কমপিউটারের সংগঠন, প্যাকেজ প্রোগ্রাম, বিভিন্ন অপারেটিং সিস্টেম, ডিউটিপি এসব বিষয়ের উপর। প্রোগ্রামিং ম্যাগাজিনের উপর বইয়ের সংখ্যা একেবারেই নগণ্য। আর কোন প্রোগ্রাম ম্যাগাজিনের মাধ্যমে গ্রাফিক্স চর্চার জন্য এটি সম্ভবত প্রথম বই। বইটিতে GW-BASIC-এর মাধ্যমে গ্রাফিক্সের বিভিন্ন প্রয়োগ দেখানো হয়েছে। বিষয়বস্তুর বিদ্যমান অধ্যায় ভিত্তিক নয়, Statement (স্টেটমেন্ট) ভিত্তিক। মোটামুটিভাবে সাফট গ্রহণ শিরোনামের (Statement ভিত্তিক শিরোনাম) আওতায় লেখক বিষয়বস্তু উপস্থাপন করেছেন। এতদ্বারা হল ক্রীণ এবং কলার বিষয়ক স্টেটমেন্ট (Screen and Color statement), পিসেট এবং প্রিসেট স্টেটমেন্ট (Pset and Preset statement), লাইন স্টেটমেন্ট

(Line statement), পেইন্ট স্টেটমেন্ট (Paint statement), গেট এবং পুট স্টেটমেন্ট (Getand Put statement) এবং ড্র স্টেটমেন্ট (Draw statement)। এসব স্টেটমেন্টের প্রয়োগিক উপস্থাপনা হিসাবে লেখক অনেক চিত্রের সংযোজন করেছেন। পরিশিটে রয়েছে ভিন্নটি অংশ। এ অংশগুলোতে অন্তর্ভুক্ত হয়েছে ALT KEY দ্বারা সৃষ্টি করা যায় এমন শব্দাবলী, GW-BASIC এর সংরক্ষিত শব্দাবলী (Reserved words) এবং সিস্টেম কমান্ডগুলো।

বিষয়বস্তুর উপস্থাপনা মোটামুটি ভাল। তবে, আরো সুবিন্যস্ত এবং দন্দসম্মিষ্টি হলে বেশ ভাল হত। বাংলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক যে কোন পুস্তকে পাঠের সার্বজনীনতা এবং সহজ বোধগম্যতার জন্য ইংরেজী শব্দের ব্যবহার অপরিহার্য। কিন্তু বইটিতে ইংরেজী শব্দ প্রয়োজনের তুলনায় একটু বেশী বর্ধেই আনার মনে হয়েছে। এসব শব্দের বাংলা প্রতিরূপের সংযোজন বাংলা বই হিসেবে এর উৎকর্ষতা আরো বাড়াত। বর্ণনার ক্ষেত্রে প্রত্যেকটি ইংরেজী শব্দকে হুইলাইট করারও প্রয়োজন ছিল বলে মনে হয় না। বইয়ের প্রথম এক কথার চমৎকার। ছাপার মান ভাল। কমপিউটার গ্রাফিক্সের বৈশিষ্ট্য, স্বরূপ এবং এর উপযোগিতা সম্পর্কে পাঠকদের প্রয়োজনীয় তথ্য নির্দেশন দেয়ার ক্ষেত্রে বইটি অন্যতম ভূমিকা রাখবে নিশ্চয়ই।

প্যাকার্ডবেল-এর বিশ্বয়কর উত্থান  
(৩০ নং পৃষ্ঠার পরের অংশ)

ডাটা বর্ণপেইন্টের পিসি রিসার্চ ডাইরেক্টরের অভিমত হচ্ছে-প্যাকার্ড বেলে খুব সরায় ভাল পিসি বিক্রি করে এবং অন্যান্য প্রতিদ্বন্দ্বীর চেয়ে অনেক ভাল ভাল দরকারী সফটওয়্যার এদের সাথে ছুড়ে দেয়।

### আবার অমর্পিক?

যারা সাধারণ ব্যবহারকারীদের জন্য ইন্টেলের পেট্রিয়ামভিত্তিক পিসি বাজারজাত করেছে তাদের মধ্যে প্যাকার্ড বেলে অন্যতম।

পাত ছান মনে কোম্পানীটি নতুন নতুন পণ্য ছাড়ার ঘোষণা দিয়ে আবার অমর্পিকের ভূমিকা পালন করেছে। সৌন্দর্য বৃদ্ধি ছাড়াও এ সমস্ত পিসিতে থাকবে পূর্ববর্তী মডেল তুলনায় অধিক সংখ্যক প্রোগ্রাম।

আমেরিকার বাজারে অধিপত্য বিস্তার করার পর কোম্পানীটি এখন আন্তর্জাতিক বাজারে তার বিক্রি বাড়তে চাচ্ছে। বর্তমানে কোম্পানীটি তার উৎপাদিত পণ্যের ১৫% রফতানী করে থাকে। আগামী ৩ বছরের মধ্যে এই অংশ ৪০% থেকে ৫০%-এ উন্নীত করে বিশ্ব বাজারেও তার অধিপত্য বিস্তার করতে বলে ঘোষণা দিয়েছে প্যাকার্ড বেলে। বাংলাদেশও কি তার আওতায় পড়বে? ☉

### পাঠকদের প্রতি

কমপিউটার বিষয়ক আপনার যে কোন লেখা, চকমকান অভিমত, আইডিয়া, সফটওয়্যার টিপস, মতামত বা পুস্তক সমালোচনা লিখে পাঠালে আমরা তা কমপিউটার অংশ-এর প্রকাশ করতে পারলে আনন্দিত হবে। ছাপানো লেখার জন্য লেখকদের যথাযথ সম্মানী দেয়া হয়।

## An Independent Software House Serving Multinational Purpose

- ✓ Readymade International Packages :
  - ★ WordPerfect, dBase, SPSS, Accpak Etc.
- ✓ Readymade Application Softwares :
  - ★ Payroll, Inventory, GL, MIS, Total Etc.

Customised Packages : As per your need

### DETOSEARCH SOFTWARE CORPORATION (DSC)

House # 6, Road # 27 (old), Dhanmondi, Dhaka-1209.  
Phone : 817214, 802458, Fax : 817214

Contact person Eng. Hakikur Rahman / Mr.Gaffar